



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

স্মারক নং- মাভাবিপ্রবি/জিএসটি-২০২৪-২০২৫/প.যো./০১/৪০

তারিখ: ০২ বৈশাখ ১৪৩২
১৫ এপ্রিল ২০২৫

প্রতিবন্ধী শিক্ষার্থীদের শ্রুতিলেখক নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষার হলে শ্রুতিলেখক নির্ধারণের জন্য তাদেরকে স্ব-স্ব পরীক্ষাকেন্দ্র নিয়ন্ত্রণকারী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর আগামী ২০/০৪/২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে আবেদন করতে হবে। এই আবেদনের প্রেক্ষিতে তাদের জন্য শ্রুতিলেখক নির্ধারণ করা হবে। কোনো ক্রমেই শিক্ষার্থী নিজে শ্রুতিলেখক নির্ধারণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। যদি কোনো শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল না করে তাহলে তাকে শ্রুতিলেখক ছাড়াই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

আহ্বায়ক মহোদয়ের নির্দেশক্রমে-


(মো: কাইউম খান)

সচিব, জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের
সমন্বিত ভর্তি কমিটি (২০২৪-২০২৫) ও
উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়